জিইপি /বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট
কমিশনারেট, ঢাকা (উত্তর)
বাড়ী নং-৬, সোনারগাঁ জনপথ
সেক্টর নং-১১, উত্তরা, ঢাকা-১২৩০।
www.dknvat.gov.bd

নথি নং ৪-মূসক/৮(৩১)ফ্যান্টাসী ফুড/কর ফাঁকি/ বিচার/২০১৫/ ৮০৮ তারিখঃ- ২৬/১১/১৫

প্রেরক ঃ কমিশনার।

প্রাপক ঃ ব্যবস্থাপনা পরিচালক,
ফ্যান্টাসী ফুডস লিঃ,
৪৮২ (পশ্চিম পার্শ্ব),আলম মার্কেট,
তুরাগ, ঢাকা।

বিষয় ঃ **জানুয়ারি/১৪ হতে ফেব্রুয়ারি/১৫ মেয়াদে অনাদায়ী মূল্য সংযোজন কর (মূসক) বাবদ ৫৬,৯৪,৩০৪/-(ছাপ্পান্ন লক্ষ চুরানব্বই হাজার তিনশত চার টাকা) টাকা আদায়ের জন্য মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৫৫(১) জারিকৃত দাবীনামা একই আইনের ধারা ৫৫(৩) অনুযায়ী চূড়ান্ত করণ।**

সূত্র ঃ ০১। টঙ্গী সার্কেল-১ কর্তৃক দাখিলকৃত কর ফাঁকি মামলা নং-০১/২০১৫, তারিখ ঃ- ২৩.০৩.২০১৫খ্রিঃ।
০২। এ দপ্তরের পত্র নথি নং-৪-মূসক/৮(৩১)ফ্যান্টাসী ফুড/কর ফাঁকি/ বিচার/২০১৫/১০৩৪, তারিখঃ ৩০.০৪.২০১৫খ্রিঃ।
০৩। আপনার পত্র নথি নং-নাই, তারিখঃ ২৪.০৮.২০১৫খ্রিঃ।
০৪। এ দপ্তরের পত্র নথির পত্রনং-৪০২, তারিখঃ ০৩.০৯.২০১৫খ্রিঃ।
০৫। আপনার পত্র নথি নং-নাই, তারিখঃ ১৬.০৯.২০১৫খ্রিঃ।

প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	ফ্যান্টাসী ফুডস লিঃ, ৪৮২ (পশ্চিম পার্শ্ব),আলম মার্কেট, তুরাগ, ঢাকা।
মুসক নিবন্ধন নম্বর	১৮০১১০৭২৭৫০
উৎপাদিত পণ্য	বিস্কুট উৎপাদন (সি ০১৭.০২)
অপরাধের ধরণ	করযোগ্য পণ্য উৎপাদনকারী হিসাবে মূসক নিবন্ধন গ্রহণ না করে কর পরিশোধ ব্যতিরেকে দীর্ঘদিন যাবৎ ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা করায় মূসক পরিহার।
পরিহারকৃত মূসকের সাথে জড়িত পণ্য মূল্য	৳ ৩,৭৯,৬২,০২৯/-
পরিহারকৃত মূসকের পরিমাণ	৳ ৫৬,৯৪,৩০৪/-
মেয়াদ	জানুয়ারি/১৪ হতে ফেব্রুয়ারি/১৫ খ্রিঃ পর্যন্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনার দৃষ্টি আর্কষণ করা হ'ল।

০২. টঙ্গী বিভাগীয় দপ্তরের পত্র নথি নং-৪/মূসক/ফ্যান্টাসী ফুড/গোপন সংবাদ/টঃবিঃ/৫৯/২০১৫/৪৪৮৯ তারিখ-২৩.০২.২০১৫খ্রিঃ এর ক্ষমতাবলে গোপন সংবাদের ভিত্তিতে রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট, টঙ্গী সার্কেল-১ এর নেতৃত্বে বিগত ২৪/০২/২০১৫খ্রিঃ তারিখ মেসার্স ফ্যান্টাসী ফুডস লিঃ, ৪৮২ (পশ্চিম পার্শ্ব), আলম মার্কেট, বাইলজুড়ি, তুরাগ, ঢাকা (মূসক নিবন্ধন নং-১৮০১১০৭২৭৫০) নামীয় প্রতিষ্ঠানটি আকষ্মিক পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রতিষ্ঠানের প্রতিনিধি জনাব মোঃ আসাদুল হক, সেলস ইনচার্জ এর নিকট মূসক সংক্রান্ত দলিলাদি উপস্থাপন করার জন্য অনুরোধ করা হলে তিনি মূসক সংক্রান্ত দলিলাদি যথা- মূসক নিবন্ধন পত্র (মূসক-৮), মূসক-১১ চালানপত্র, মূসক-১৬, মূসক-১৭, মূসক-১৮ ও উপকরন/উৎপাদ সম্পর্ক বা সহগ ও মূল্যভিত্তি ঘোষনাপত্র মূসক-১ ইত্যাদি উপস্থাপন/দাখিল করতে ব্যর্থ হন। অতঃপর প্রতিষ্ঠানের কম্পিউটারে রক্ষিত জানুয়ারি/১৪ হতে ফেব্রুয়ারি/১৫ পর্যন্ত সময়ের বিক্রয় সংক্রান্ত তথ্য কম্পিউটার হতে প্রিন্ট

করে প্রতিষ্ঠানটির যথাযথ করদায়িতা নিরুপনের লক্ষে মূসক-৫ প্রদান করে অধিকতর যাচাইয়ের জন্য সংশ্লিষ্ট সার্কেলে জব্দ করে নিয়ে আসা হয়। জব্দকৃত দলিলাদিতে প্রতিষ্ঠানের প্রতিনিধি জনাব মোঃ আসাদুল হক, সেলস ইনচার্জ এর স্বাক্ষর রয়েছে। পরবর্তীতে সঠিক করদায়িতা নিরুপনের লক্ষ্যে প্রতিষ্ঠানটির নিকট হতে আইটেম ভিত্তিক বিক্রয় তথ্য চেয়ে টঙ্গী সার্কেল-১ হতে নথি নং-৪/মূসক(১১১০)/বিবিধ পত্রালাপ/১৪/১৫৫৭ তারিখ-১০/০৩/১৫ এর মাধ্যমে প্রেরণ করা হলে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ এ ব্যপারে ৩০(ত্রিশ) দিন সময় চেয়ে বিগত ১৫/০৩/২০১৫ইং তারিখে টঙ্গী সার্কেল-১ এ একটি আবেদনপত্র দাখিল করেন, যা সময়ক্ষেপনের অপচেষ্টা মাত্র। টঙ্গী বিভাগীয় দপ্তরের কর ফাঁকি সংশ্লিষ্ট মামলা প্রতিবেদন পর্যালোচনায় আরও দেখা যায় যে, প্রতিষ্ঠানটি করযোগ্য পণ্য উৎপাদনকারী হিসাবে মূসক নিবন্ধন গ্রহণ না করে কর পরিশোধ ব্যতিরেকে দীর্ঘদিন যাবৎ ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা করে আসছে। প্রতিষ্ঠান অঙ্গন থেকে বানিজ্যিক দলিলাদি আটক করার পর পরবর্তীতে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ ০৪/০৩/২০১৫খ্রিঃ তারিখে মূসক নিবন্ধন গ্রহন করেন, যার নং-১৮০১১০৭২৭৫০। এ অবস্থায়, আটককৃত দলিলাদি পরীক্ষা -নিরীক্ষা করে প্রতিষ্ঠানটির জানুয়ারি/১৪ হতে ফেব্রুয়ারি/১৫ পর্যন্ত সময়ের বিক্রয়, প্রদেয় মূসক, পরিশোধিত মূসক ও অপরিশোধিত মূসক এর হিসাব ছকে নিম্নরূপঃ-

ছক

ক্রমিক নং	মাসের নাম	মোট বিক্রয় মূল্য (মূসকসহ বিক্রয় মূল্য) (টাকা)	মূসক ব্যতিত বিক্রয় মূল্য (টাকা)	উৎপাদন পর্যায়ে ১৫% হারে প্রদেয় মূসক এর পরিমান (টাকা)	পরিশোধিত মূসক এর পরিমান (টাকা)	অপরিশোধিত মূসক এর পরিমান (টাকা)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
১	জানুয়ারি/১৪	৪২৮১২৭৩	৩৭২২৮৪৬	৫৫৮৪২৭	০	৫৫৮৪২৭
২	ফেব্রুয়ারি/১৪	৩৭০৯৫০৩	৩২২৫৬৫৫	৪৮৩৮৪৮	০	৪৮৩৮৪৮
৩	মার্চ/১৪	৫০৬২৫১৬	৪৪০২১৮৮	৬৬০৩২৮	০	৬৬০৩২৮
৪	এপ্রিল/১৪	৩১৪২৫৯৮	২৭৩২৬৯৪	৪০৯৯০৪	০	৪০৯৯০৪
৫	মে/১৪	৪২৩১৮৮১	৩৬৭৯৮৯৭	৫৫১৯৮৪	০	৫৫১৯৮৪
৬	জুন/১৪	৮০৭২১	৭০১৯২	১০৫২৯	০	১০৫২৯
৭	জুলাই/১৪	১১৪৫৫৪০	৯৯৬১২২	১৪৯৪১৮	০	১৪৯৪১৮
৮	আগষ্ট/১৪	২৮৮৭৫৫৭	২৫১০৯১৯	৩৭৬৬৩৮	০	৩৭৬৬৩৮
৯	সেপ্টেম্বর/১৪	৩৫১২০৯৩	৩০৫৩৯৯৪	৪৫৮০৯৯	০	৪৫৮০৯৯
১০	অক্টোবর/১৪	২৫৬৮৭১২	২২৩৩৬৬৩	৩৩৫০৪৯	০	৩৩৫০৪৯
১১	নভেম্বর/১৪	৩২৬২৪৬৯	২৮৩৬৯৩০	৪২৫৫৩৯	০	৪২৫৫৩৯
১২	ডিসেম্বর/১৪	৩৩৭০৬১২	২৯৩০৯৬৭	৪৩৯৬৪৫	০	৪৩৯৬৪৫
১৩	জানুয়ারি/১৫	৩৭১৬৫৫৪	৩২৩১৭৮৬	৪৮৪৭৬৮	০	৪৮৪৭৬৮
১৪	ফেব্রুয়ারি/১৫	২৬৮৪৩০৪	২৩৩৪১৭৭	৩৫০১২৭	০	৩৫০১২৭
		৪৩৬৫৬৩৩৩	৩৭৯৬২০২৯	৫৬৯৪৩০৪	০	৫৬৯৪৩০৪

[কর ফাঁকি প্রতিষ্ঠিত হওয়ার পর মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর সংশ্লিষ্ট ধারা অনুযায়ী পরবর্তী কার্যক্রম গৃহীত হবে]

০৩. উল্লিখিত ছক হতে সহজেই প্রতীয়মান হয় যে,আপনি/প্রতিষ্ঠান কর্তৃপক্ষ ফ্যান্টাসী ফুডস লিঃ, ৪৮২ (পশ্চিম পার্শ্ব),আলম মার্কেট,তুরাগ, ঢাকা নামক প্রতিষ্ঠানটি জানুয়ারি/১৪ হতে ফেব্রুয়ারি/১৫খ্রিঃ মেয়াদে মূল্য সংযোজন কর (মূসক) বাবদ

৫৬,৯৪,৩০৪/-(ছাপ্পান্ন লক্ষ চুরানব্বই হাজার তিনশত চার) টাকা ব্যক্তিগতভাবে লাভবান হবার উদ্দেশ্যে সরকারী কোষাগারে জমা প্রদান না করে আত্মসাৎ করেছেন, যা অবিলম্বে আদায়যোগ্য। আপনার/প্রতিষ্ঠান কর্তৃপক্ষের উক্তরূপ কার্যকলাপে সরকারের রাজস্ব ক্ষতিসাধন হয়েছে; যা মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা-৩, ৬, ১৫, ৩১ ও ৩২ এবং একই আইনের অধীনে প্রণীত বিধিমালার বিধি-৯, ১৬, ২২, ২৩ ও ২৪ এর সুস্পষ্ট লংঘন।

০৪. সার্বিক বিষয় পর্যালোচনায় দেখা যায় যে, আপনি/প্রতিষ্ঠান কর্তৃপক্ষ কর্তৃক পরিহারকৃত মূসক ব্যক্তিগতভাবে লাভবান হবার উদ্দেশ্যে আত্মসাৎ করায় এবং তা সরকারী কোষাগারে যথাসময়ে জমা প্রদান না করায় সরকার তাঁর প্রাপ্য রাজস্ব হতে বঞ্চিত হয়েছে। আপনার/প্রতিষ্ঠান কর্তৃপক্ষের এহেন কার্যকলাপ সম্পূর্ণরূপে বেআইনী এবং সরকারী রাজস্ব সংরক্ষণের পরিপন্থী। এ অবস্থায়, মূসক ফাঁকি মামলার প্রতিবেদনে উল্লিখিত আপত্তির আলোকে জানুয়ারি/১৪ হতে ফেব্রুয়ারি/১৫খ্রিঃ মেয়াদে অনাদায়ী ও অপরিশোধিত মূল্য সংযোজন কর (মূসক) বাবদ ৫৬,৯৪,৩০৪/-(ছাপ্পান্ন লক্ষ চুরানব্বই হাজার তিনশত চার) টাকা পরিশোধের লক্ষ্যে মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা- ৫৫(১) এর বিধান অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পক্ষে আমি, নিম্নস্বাক্ষরকারী উল্লিখিত দাবীকৃত টাকা সরকারী কোষাগারে জমা দেয়ার জন্য এতদ্বারা আপনার/প্রতিষ্ঠান কর্তৃপক্ষের বরাবরে সূত্রোক্ত ২নং পত্রের মাধ্যমে দাবীনামা সম্বলিত কারণ দর্শানো নোটিশ জারি করা হয়।

০৫. আপনি/প্রতিষ্ঠান কর্তৃপক্ষ দাবীনামা সম্বলিত উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব সুত্রোক্ত ০৩ নং পত্রের মাধ্যমে এ দপ্তরে দাখিল করেন। আপনার/ আপনাদের দাখিলকৃত জবাবে উল্লেখ করেছেন যে, আপনারা কার্যক্রম কোড-সি-017.02 (Various Confections and Bakery Items) হিসেবে নিবন্ধিত হলেও অতি সাধারণ মানের পাউরুটি, বনরুটি উৎপাদন করেন। আপনি/আপনারা আরও বলেছেন যে, মূল্য সংযোজন কর আইনের ধারা ১৫ এবং বিধি ৯ এর বিধানমতে কেবলমাত্র করযোগ্য পণ্যের উৎপাদনকারী বা সরবরাহকারীর মূসক নিবন্ধন বাধ্যতামূলক। অব্যাহতিপ্রাপ্ত পণ্য উৎপাদনকারী হওয়ায় ইতিপূর্বে নিবন্ধন গ্রহণের জন্য স্থানীয় মূসক কার্যালয় কখনোই বলেন নাই এবং ধারা ১৫ এর উপধারা ৪ প্রয়োগ করে বাধ্যতামূলক নিবন্ধন প্রদান করেননি। এছাড়াও আপনি /আপনারা উল্লেখ করেছেন যে, গত জানুয়ারী ২০১৪ হতে ফেব্রুয়ারী ২০১৫ পর্যন্ত উৎপাদিত অব্যাহতিপ্রাপ্ত পণ্য সহ সকল পণ্যের উপর মূসক দাবী করা হয়েছে এবং কারখানায় গত ০১.০১.২০১৪ হতে ০৪.১১.২০১৪ খ্রিঃ তারিখ পর্যন্ত শুধুমাত্র অব্যাহতিপ্রাপ্ত পণ্য উৎপাদন করেছেন। গত ০৫.১১.২০১৪ খ্রিঃ তারিখ থেকে করযোগ্য পণ্য উৎপাদনে যাওয়ার পূর্বেই নিবন্ধন না নিয়ে ৩,৪৩,৫২১.০০ টাকার করযোগ্য পণ্য উৎপাদন করে ৫১,৫২৮.০০ টাকা মূসক প্রদান না করায় আপনারা আন্তরিকভাবে ক্ষমা প্রার্থী। আপনারা গত ০৯.০৩.২০১৫ খ্রিঃ তারিখে নিবন্ধন গ্রহণ করে ০৯.০৪.২০১৫ খ্রিঃ তারিখে বিভাগীয় দপ্তরে মূল্য ঘোষণা প্রদান করে যথারীতি মূসক প্রদান করে আসছেন।

০৬. আপনারা কার্যক্রম কোড-সি-০১৭.০২ (Various Confections and Bakery Items) হিসেবে নিবন্ধিত হলেও অতি সাধারণ মানের পাউরুটি, বনরুটি উৎপাদন করেন, এটা আপনাদের নিজস্ব কর্মপদ্ধতি এ বিষযে এ দপ্তরের কোন বক্তব্য নেই। আপনি/আপনারা আরও বলেছেন যে, মূল্য সংযোজন কর আইনের ধারা ১৫ এবং বিধি ৯ এর বিধানমতে কেবলমাত্র করযোগ্য পণ্যের উৎপাদনকারী বা সরবরাহকারীর মূসক নিবন্ধন বাধ্যতামূলক, বিষয়টি সঠিক। অব্যাহতিপ্রাপ্ত পণ্য উৎপাদনকারী হওয়ায় ইতিপূর্বে নিবন্ধন গ্রহণের জন্য স্থানীয় মূসক কার্যালয় কখনোই বলেন নাই এবং ধারা ১৫ এর উপধারা ৪ প্রয়োগ করে বাধ্যতামূলক নিবন্ধন প্রদান করেননি। কিন্তু আপনারা যে অব্যাহতি প্রাপ্ত পণ্য উৎপাদন করেন সে বিষয়ে কোন দালিলিক প্রমাণপত্র প্রদান/ দাখিলে ব্যর্থ হয়েছেন বিধায় আপনার এ যুক্তি মূল্য সংযোজন কর আইনের পরিপন্থি। এছাড়াও আপনি /আপনারা উল্লেখ করেছেন যে, গত জানুয়ারী ২০১৪ হতে ফেব্রুয়ারী ২০১৫ পর্যন্ত উৎপাদিত অব্যাহতিপ্রাপ্ত পণ্য সহ সকল পণ্যের উপর মূসক দাবী করা হয়েছে এবং কারখানায় গত ০১.০১.২০১৪ হতে ০৪.১১.২০১৪ খ্রিঃ তারিখ পর্যন্ত শুধুমাত্র অব্যাহতিপ্রাপ্ত পণ্য উৎপাদন করেছেন। এ পরিপ্রেক্ষিতে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উৎপাদন কার্যক্রম শুরুর পূর্বেই নিবন্ধন গ্রহণ বাধ্যতামূলক এবং একই সাথে মূল্য সংযোজন কর আইন ও বিধিমালা, ১৯৯১ এর ধারা-৩৫ ও বিধি-২৪ অনুসারে নিয়মিতভাবে সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কার্যালয়ে দাখিলপত্র জমা দেয়ার বিধান রয়েছে। দাখিলপত্র ক্রমিক নং-১০ এ অব্যাহতিপ্রাপ্ত পণ্য, সেবা বা পণ্য ও সেবার ক্রয় সংক্রান্ত তথ্য বর্ণিত রয়েছে। যেহেতু আপনারা মূল্য সংযোজন কর নিবন্ধন নেননি এবং দাখিলপত্র প্রদান করেননি সেহেতু আপনি/প্রতিষ্ঠান কর্তৃপক্ষ অব্যাহতিপ্রাপ্ত পণ্যই উৎপাদন করেন তার কোন প্রমাণ নেই। আপনি/প্রতিষ্ঠান কর্তৃপক্ষ মূসক ফাঁকি হয়নি মর্মে কোন দালিলিক প্রমাণ দাখিলে ব্যর্থ হওয়ায় ফাঁকি প্রদত্ত মূসক বাবদ ৫৬,৯৪,৩০৪/-(ছাপ্পান্ন লক্ষ চুরানব্বই হাজার তিনশত চার টাকা মাত্র) আপনার/প্রতিষ্ঠান কর্তৃপক্ষের নিকট হতে অবিলম্বে আদায়যোগ্য।